



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জরিপ অধিদপ্তর
(প্রতিরক্ষা মন্ত্রণালয়)
সার্ভেয়ার জেনারেল অফিস
তেজগাঁও, ঢাকা-১২০৮
ফোন : ৯১২৬১১৩, ফ্যাক্স : ৯১১৭৪৬৩
www.sob.gov.bd info@sob.gov.bd

গাড়ী নিলাম বিজ্ঞপ্তি

স্মারক নম্বরঃ ২৩.০৮.০০০০.০০৬.৫৪.০০২.১৭/২৬৮৭,

তারিখ : ৩০ ভাদ্র ১৪২৪/ ১৪ সেপ্টেম্বর ২০১৭।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮ এর নিজস্ব ০২(দুই) টি অকেজো গাড়ী (১) ঢাকা-মেট্রো-ভ-৮৯৭৩ (জীপ) এবং (২) ঢাকা-মেট্রো-ক-০২-৩১২৫ (কার) নিলামে বিক্রয়ের নিমিত্ত সীল দরপত্র আহ্বান করা হচ্ছে। বিস্তারিত বর্ণনা ও নিয়মাবলী সম্বলিত নিলাম দরপত্রের তফসিল অত্র অফিসের পরিচালক, প্রতিরক্ষা সার্ভে পরিদপ্তর; পরিচালক, উন্নয়ন সার্ভে পরিদপ্তর; ব্যবস্থাপক, লিথু মুদ্রণ অফিস এবং নিরাপত্তা ও কল্যাণকর কর্মকর্তা এর অফিস কক্ষ হতে সকল কর্মদিবসে সকাল ১০.০০(দশ) ঘটিকা হতে বিকাল ৪.০০(চার) ঘটিকা পর্যন্ত নগদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) প্রদান পূর্বক সংগ্রহ করা যাবে। উক্ত গাড়ী ০২(দুই) টি আগামী ১৭-০৯-২০১৭ খ্রি: হতে ০৩-১০-২০১৭ খ্রি: পর্যন্ত সকল কর্মদিবসে সকাল ১০.০০(দশ) ঘটিকা হতে বিকাল ৪.০০(চার) ঘটিকা পর্যন্ত প্রদর্শন করা হবে। দরপত্র তফসিল ক্রয়ের রশিদসহ সীল দরপত্র আগামী ০৪-১০-২০১৭ খ্রি: তারিখ বেলা ২.০০(দুই) ঘটিকার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে পৌছাতে হবে এবং ঐ দিনই বেলা ২.৩০(আড়াই) ঘটিকার সময় দরপত্রসমূহ দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র খোলার দিনে কোনো তফসিল বিক্রয় করা হবে না। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শনো ব্যতিরেকে যে কোনো দরপত্র গ্রহণ অথবা যে কোনো বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ ওমর ফারুক)

স্টোর অফিসার

বাংলাদেশ জরিপ অধিদপ্তর

ফোন : ৮১৭০৩৯৯

পক্ষে, সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ।